যুগান্তর

তারিখ ... 03 OCT 2016 ...
পৃষ্ঠা ... 2 ... 6

# শাবিতে স্নাতকে ভর্তির আবেদন ১৬ অক্টোবর পরীক্ষা ২৬ নভেম্বর

**শাবি প্রতিনিধি**

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ভর্তির আবেদন শুরু হচ্ছে ১৬ অক্টোবর থেকে। চলবে ১০ নভেম্বর পর্যন্ত। ২৬ নভেম্বর সকাল সাড়ে ৯টায় এ ইউনিট এবং দুপুর আড়াইটায় বি ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে www.sust.edu/admission এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জানা যাবে।

রোববার এসব তথ্য জানান ভর্তি কমিটির সদস্য সচিব প্রফেসর ড. বেলায়েত হোসেন। এ সময় ভর্তি কমিটির সভাপতি ড. নিয়াজ আহমেদ, সিন্ডিকেট সদস্য ড. কবির হোসেন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান প্রফেসর ড. রেজা সেলিম, ড. মুশতাক আহমেদ, ড. আখতারুল ইসলাম, ড. জহিরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

**আবেদন পদ্ধতিতে পরিবর্তন :** এবারের আবেদন পদ্ধতি অন্য বছরের চেয়ে ভিন্ন। শিক্ষার্থীদের পছন্দের বিষয়গুলোতে রেজিস্ট্রেশনের সুবিধার্থে এ ও বি ইউনিটের বিভাগগুলোকে কয়েকটি সাব-ইউনিটে (A, B1, B2) ভাগ করা হয়েছে। যদি কোনো শিক্ষার্থী এ ও বি উভয় ইউনিটে পরীক্ষা দিতে চায় তবে উভয় ইউনিটের জন্য পৃথকভাবে আবেদন করতে হবে। এসব সাব-ইউনিট এমনভাবে সাজানো হয়েছে যে, কোনো একটি সাব-ইউনিটে আবেদন করলে ওই ইউনিটের অন্য সাব-ইউনিটে আবেদন করা যাবে না। আবেদন করার জন্য যে কোনো টেলিটক মোবাইল নম্বর থেকে বিশ্ববিদ্যালয়ের নাম (SUST), এইচএসসি/সমমান শিক্ষা শিক্ষাবোর্ডের প্রথম তিন অক্ষর, পরীক্ষার রোল নম্বর, পাসের সন, এসএসসি/সমমান শিক্ষা শিক্ষাবোর্ডের প্রথম তিন অক্ষর, রোল নম্বর, পাসের সন এবং সাব-ইউনিটের কী-ওয়ার্ড লিখে (A, B1, B2) লিখে 16222 নম্বরে এসএমএস করতে হবে। এ ইউনিটে আবেদন করতে এইচএসসি/সমমান ও এসএসসি/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৩সহ মোট ৬.৫ থাকতে হবে। বি ইউনিটের জন্য এইচএসসি/সমমান ও এসএসসি/সমমান উভয় পরীক্ষায় নূন্যতম জিপিএ-৩সহ মোট জিপিএ-৭ থাকতে হবে।